



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩,

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৯/ ০৫৪২

তারিখঃ ০২/০১/২০

বিষয়ঃ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে “মনোবিজ্ঞান” বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৯ তারিখ ০২/০১/২০২০ইং

(খ) অধ্যক্ষ এর ০৬/০১/২০২০ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন ময়মনসিংহ মহাবিদ্যালয় এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তে উচ্চ মাধ্যমিক পর্যায়ে “মনোবিজ্ঞান” বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

- ক) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি (এমপিও না দেয়ার শর্তে) কলেজের স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- খ) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- গ) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিও ভুক্ত করা যাবে না;
- ঘ) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ঙ) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহারণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- চ) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ছ) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- জ) কোন শর্ত পালনে ব্যর্থ হলে সরকার যে কোন এ আদেশ বাতিল করতে পারে;

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ

অধ্যক্ষ,

ময়মনসিংহ মহাবিদ্যালয়
(EIN-111914)
সদর, ময়মনসিংহ।

(শেখ মোঃ হাবিবুর রহমান)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোন : ০৯১- ৫৩৩৩৬

ই-মেইল : inscollbisemym@gmail.com

স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৯/ ০৫৪২ (৫)

তারিখঃ ০২/০১/২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. অফিস কপি।

কলেজ পরিদর্শক ০২/০১/২০
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।